ঝিনাইদহে সংবাদপত্র বিক্রয় কর্মী মাঝে উপহার সামগ্রী বিতরণ

ঝিনাইদহ জেলা হকার্স সমিতি, সংবাদপত্র বিক্রয় কর্মী, মাইক্রো ড্রাইভার, বাবুর্চিসহ নিম্নআয়ের প্রায় ২শতাধিক মানুষের মাঝে প্রধানমন্ত্রীর দেওয়া খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকালে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এসব নিম্ন আয়ের মানুষের মাঝে ১০ কেজি চাল ও ৫ শ’ করে টাকা প্রত্যেকের হাতে তুলে দেন জেলা প্রশাসক মো: মজিবর রহমান।

সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী অফিসার এসএম শাহীন, জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক, প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগন।
করোনাকালে চাল ও নগদ টাকা পেয়ে খুবই খুশী লকডাউনে থাকা এসব কর্মহীন নিম্ন আয়ের মানুষগুলো।

জেলা প্রশাসক মজিবর রহমান বলেন ইতমধ্যে আমরা ১হাজার ৫শ জন কর্মহীন নিম্নআয়ের মানুষের মাঝে মাননীয় প্রধানমন্ত্রী এই উপহার সামগ্রী বিতরণ করেছি। আরও কিছুদিন এই সহায়তা অব্যাহত থাকবে বলে জানা গেছে।

ঝিনাইদহে করোনা বিভাগে ডাক্তারদের রুমে এসি লাগিয়ে

দিলেন পৌর মেয়র

প্রচন্ড গরমে ঝিনাইদহ সদর হাসপাতালে কোভিড-১৯ বিভাগের আবাসিক ডাক্তাররা সেবা দিয়ে যাচ্ছেন করোনা রুগীদের। ডাক্তারদের সুবিধার্থে “কোভিড-১৯ ডাক্তার ডিউটি রুমে এসি প্রদান করলেন ঝিনাইদহ পৌরসভা মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

প্রচন্ড গরমে করোনা ভাইরাসে আক্রান্ত রুগীদের সেবা দিয়ে যাচ্ছেন ঝিনাইদহ সদর হাসপাতালের ডাক্তাররা। এই সংক্রমণের মধ্যে তারা নিজেদের জীবনের মায়া করছেন না। ইতোমধ্যে অনেক ডাক্তার এবং নার্স করোনা পজিটিভ হয়েছেন। তারপরও তারা সেবা দিয়ে যাচ্ছেন। এই গরমে তাদের কষ্ট লাঘবে এগিয়ে আসলেন পৌর মেয়র সাইদুল করিম মিন্টু।

ঝিনাইদহে এতিমখানায় ইফতার ও রাতের খাবার

ঝিনাইদহ শিকারপুর উত্তরপাড়া ফাতেমা-মিজান হাফেজিয়া মাদ্রাসায় ইফতার ও ইফতার পরবর্তী রাতের খাওয়া দাওয়ার আয়োজন করা হয়। গতকাল শনিবার সন্ধ্যায় ইফতার ও ইফতার পরবর্তী রাতের খাওয়া দাওয়ার আয়োজন করা হয়।

২০১৫ সালে ইঞ্জিনিয়ার আখতারুজ্জামান কাজলের একক প্রচেষ্টায় এতিমখানাটি প্রতিষ্ঠিত হয়। এখন প্রায় ৪০ জন এতিম শিশু এখানে পড়াশোনা করছে।
প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা ইঞ্জিঃ আখতারুজ্জামান কাজল জানান, ঝিনাইদহের বিভিন্ন এলাকার দরিদ্র পরিবারের শিশুদের এখানে সম্পূর্ণ বিনা খরচে পড়াশোনা করানো হয়। খাওয়া-দাওয়া, পোষাক, বইপত্র সবকিছু প্রতিষ্ঠান বহন করে আসছে। প্রতিষ্ঠানে আলী আজম ও আলাউদ্দিন নামে দুইজন হাফেজ এতিমখানার শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করছে।

ঝিনাইদহ জেলা পরিষদের কিছু অনুদান ছাড়া আর তেমন কোনো অনুদান মেলেনি। প্রতিষ্ঠাতা মানসিক প্রশান্তির স্থান থেকে এই গুরুদায়িত্ব কাধে নিয়ে এগিয়ে যাচ্ছেন।

তিনি আশাবাদী এখান থেকে এক সময় শত শত হাফেজ বের হয়ে দীন ও দশের সেবাই নিয়োজিত হবেন।

ঝিনাইদহে কৃষকের ধান কেটে দিলো কৃষকলীগ নেতারা

ঝিনাইদহে শুরু হয়েছে বোরো ধান কাটা। কিন্তু ‘লকডাউন’র কারণে শ্রমিক সংকটে পড়ায় পাকা ধান নিয়ে দুচিন্তায় পড়েছেন কৃষকরা।
এ অবস্থায় কৃষকের সেই দুচিন্তা দূর করতে কৃষকের পাকা ধান কেটে দিলো জেলা কৃষকলীগের নেতারা।

গতকাল শনিবার ঝিনাইদহ সদর উপজেলা ছোট কামারকুন্ডু গ্রামের কৃষক মো: সাদেক নামে এক কৃষকের ১৬ শতক জমির পাকা ধান কেটে বাড়ির পৌঁছে দিয়েছেন কৃষকলীগের ১০-১৫ জন নেতা-কর্মী।

সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা কৃষক লীগ সভাপতি সাজেদুল ইসলাম সোম, সহ সভাপতি আমজাদ হোসেন, সহ সভাপতি আব্দুর রাজ্জাক সর্দার, যুগ্ম সাধারণ সম্পাদক এম এস উজ্জল, দপ্তর সম্পাদক প্রশীত মজুমদার, জেলা সদস্য মো: মিন্টু মিয়া, পৌর কৃষক লীগের আহবায়ক মো:হাবিবুল্লাহ বাচ্চু, পৌর সম্মেলন প্রস্তুুতি কমিটির যুগ্ম আহবায়ক হাজী রেজাউল বিশ্বাস, সিনিয়র সদস্য সৈয়দ আতাউর রহমান লাল্টু, পৌর সম্মেলন প্রস্তুতি কমিটির যুগ্ম আহবায়ক শেখ মো: মুস্তাক এবং ৩ নং ওয়ার্ড কৃষক লীগ সভাপতি/সাধারণ সম্পাদক সহ অন্যান্য নেতৃবৃন্দ।

গ্রীষ্মের দাবদাহে কালীগঞ্জ সেজেছে প্রকৃতির সাজে

ঋতু চক্রের আবর্তনে নয়নাভিরাম ফুলের এক বর্ণিল আয়োজন নিয়ে আমাদের প্রকৃতিতে আবারো হাজির হয়েছে গ্রীষ্মকাল। ফুলের কথা উঠলে আগে আসে ঋতুরাজ বসন্তের কথা।

কিন্তু গ্রীষ্মেও ফোটে নানা রঙের বাহারি ফুল। প্রচণ্ড দাবদাহে কিছুটা হলেও প্রশান্তির পরশ বুলিয়ে দেয় এসব ফুল। বৈশাখ মাসের প্রথম ভাগেই পাওয়া যায় কয়েকটি বাহারি ফুল।

কৃষ্ণচূড়া, রাধাচূড়া, জারুল, সোনালু, স্বর্ণচাঁপা, ভাঁট, গন্ধরাজ, উদয়পদ্ম, গুলাচি, লালসোনাইল ইত্যাদি গ্রীষ্মের প্রধানফুল হলেও পালান, দুরন্তলতা, শ্যামটিউলিপ, মে ফ্লাওয়ার, অনন্তলতা, পাদাউক, সোনালী শাপলা, বেলি, জহুরিচাঁপা, বনপারুল, কার্ডওয়েল লিলিসহ কয়েকজাতের লিলি ও এই সময়ে প্রকৃতিতে শোভাবর্ধন করে থাকে। তবে এগুলোর মধ্যে একইগোত্রের কৃষ্ণচূড়া, রাধাচূড়া, ও কনকচূড়ার রয়েছে আলাদা রূপ ও বৈশিষ্ট্য।

সামাজিক বনায়নের আয়ত্তায় লাগানো বিভিন্ন ফুলের গাছ শোভা বর্ধন করছে কালীগঞ্জের বিভিন্ন রাস্তা-ঘাট ও নদীর তীর।

কালীগঞ্জের বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায় কৃষ্ণচূড়ার সমাহার, কাঠাল বাগান এলাকায় দেখা মেলে বেগুনী জারুল ফুলের। মোবারকগঞ্জ সুগার মিলের ভিতর শোভা পাচ্ছে রাধাচূড়ার মায়াবী সৌন্দর্য, বিভিন্ন বাসা বাড়ির দুয়ার ঘিরে রয়েছে মাধবীলতা আর তার মনমাতানো সুগন্ধ।

প্রকৃতিগত কারণে নানা গাছপালা আর ফুল-ফলের অপার সৌন্দর্যে কালীগঞ্জের সুখ্যাতি বেশ প্রাচীন। অন্যান্য ঋতুর মতো গ্রীষ্মের ফুলে সাজানো থাকতো প্রকৃতির কোলজুড়ে।

কিন্তু কাল পরিক্রমায় দিন দিন কমে আসছে গ্রীষ্ম রাঙানো এসব ফুল গাছ। সরকারী ও ব্যক্তি উদ্যোগে ফলজ ও কাঠ গাছের পাশাপাশি বিভিন্ন প্রজাতির ফুলগাছ রোপনের ওপর গুরুত্বারোপ করতে হবে বলে সংশ্লিষ্টরা মনে করেন। নইলে যান্ত্রিকতা আর ব্যস্ততার ভীড়ে একসময় খর্ব হবে প্রকৃতির সৌন্দর্যের ভারসাম্য।

ঝিনাইদহে হত্যা মামলাকে পুঁজি করে চলছে চাঁদাবাজি ও লুটপাট, বাড়ি ছাড়া ১৫ টি পরিবার

ঝিনাইদহ সদর উপজেলার পাকা গ্রামের অসহায় বিশারত আলী। ৩ প্রতিবন্ধী সন্তান নিয়ে জীর্ণশীর্ণ ঘরে বসবাস করে তার পরিবার। নিজে অন্যের জমিতে দিনমজুরের কাজ আর বাড়িতে প্রতিবন্ধী সন্তানদের সহযোগিতায় গরু লালন-পালন করে তার স্ত্রী। যা দিয়ে কোন রকম চলে তার সংসার।

গত ১৫ ফেব্রুয়ারি একই গ্রামের অন্যপাড়ায় মারামারিতে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় আহত ইমরান। এর পর ওই বাড়িসহ বেশকিছু বাড়িতে হামলা চালায় নিহতের পরিবার ও দলীয় সমর্থকরা। জানেন না কিছু, ছিল না ঘটনার সময়।

তারপরও প্রতিবন্ধীদের এই বাড়ি থেকে লুট করে নিয়ে যায় আড়াই লাখ টাকা দামের ৩ টি গরু। গরু না থাকায় শুন্য তার গোয়াল। চাঁদা নেওয়ার অভিযোগও রয়েছে তাদের বিরুদ্ধে। যারা চাঁদা দেয়নি তাদের উঠতে দেওয়া হচ্ছে না বাড়িতে বলেও রয়েছে অভিযোগ।

জানা যায়, গত ১৫ ফেব্রুয়ারি শালিসী বৈঠকে তর্কবিতর্কের একপর্যায়ে মারামারি। মারামারিতে আহত হয় পাকা গ্রামের আব্দুল মালেকের ছেলে ইমরান হোসেন। পরে চিকিৎসাধীন অবস্থায় ২ দিন পর ঢাকার একটি হাসপাতালে মারা যায় সে।

এ ঘটনায় থানায় মামলা হলে পুলিশ ৩ জন আসামীকেই গ্রেফতার করে। আসামী গ্রেফতার হলেও হত্যাকে পুঁজি করে অসহায় পরিবারদের বাড়ি-ঘর লুটপাট করা হচ্ছে। নিয়ে যাওয়া হচ্ছে গরু, ছাগল।

ভুক্তভোগি সেবেরা খাতুন ঘটনার বর্ননা দিতে গিয়ে কান্নায় ভেঙ্গে পড়েন। তিনি বলেন, আমার পাগল ছেলে-মেয়ে গরুর পুষে বড় করছে। একটি গরু গাভিন ছিল। আমরা কিছু জানিনে। আমাদের মত অসহায় পরিবারের গরুও নিয়ে গেল। আল্লাহ এর বিচার করবে।

একই গ্রামের আমিরুল ইসলাম বলেন, ইমরান মারা যাওয়ার পর তার পিতা আব্দুল মালেক বানিজ্য শুরু করেছে। আব্দুল মালেক একই এলাকার জুয়েল, মান্নান, আছালত, তকব্বার, সাব্দাল, সাঈদসহ তার সমর্থকরা অসহায়দের উপর নির্যাতন করছে। বাড়িতে উঠতে হলে তাদের মোটা অংকের টাকা চাঁদা দিতে হচ্ছে।

তাদের অত্যাচারে এখনও বাড়ি ছাড়া পাকা গ্রামের শফিউদ্দিন, আলেক, বাদশা, মজিদ, ফরিদ, ভুট্টোসহ বেশ কয়েকজন। এছাড়াও প্রায় ৫০ বিঘা জমি এখনও অনাবাদী রয়ে গেছে। আবাদ করতে দিচ্ছে না ওই পক্ষ।

চাঁদাবাজির বিষয়টি অস্বীকার করেন মুল অভিযুক্ত আব্দুল মালেক বলেন, মার্ডারের পর কিছু গরু-বাছুর আমাদের লোকজন নিয়ে আসছিল। সেই সময়ই পুলিশের মাধ্যমে ফেরত দেওয়া হয়েছে। চাঁদাবাজি করা হচেছ না। যারা বাড়িতে আসছেন না তারা বাড়িতে আসুক। তাদের কেউ কিছু বলবে না।

এ ব্যাপারে ঝিনাইদহের পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম বলেন, ইমরান হত্যার ঘটনায় হত্যা মামলা হলে আসামীদের গ্রেফতার করা হয়েছে। লুটপাট ও চাঁদাবাজির বিষয়ে কোন অভিযোগ আসেনি। অভিযোগ পেলে তদন্ত স্বাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহের বিষয়খালী বাজারে ভ্রাম্যমান আদালতে জরিমানা

ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী বাজারে বৃহস্পতিবার সকাল ১১টায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। এই সময় তিনটি প্রতিষ্ঠানকে জরিমানা করে আদালত।

ভ্রাম্যমান আদলতের ম্যাজিস্ট্রেট ও ভোক্তা অধিকারের উপ-পরিচালক সুচন্দন মন্ডল জানান, সরকার নির্ধারিত মূল্যের চেয়ে খাদ্যদ্রব্যের দাম বেশি রাখাই শিমুল স্টোর এর মালিক আবদুল কাদেরকে পাঁচ হাজার টাকা এবং নারায়ণ স্টোরের মালিক কে তিন হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এছাড়া সরকার ঘোষিত সর্বাত্মক লকডাউন আইন অমান্য করে গ্যারান্টি জুয়েলার্সের মালিক উজ্জল ভৌমিক এর দোকান খোলা রাখার দায়ে ১হাজার টাকা জরিমানা করা হয়েছে।
এসময় ভ্রাম্যমাণ আদালত বাজারে মাইকিং করে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দোকান সকাল ৮টা থেকে দুপুর তিনটা পর্যন্ত খোলা রাখতে বলেছে এবং অন্যান্য দোকান বন্ধ রাখতে বলেছেন । মাস্ক ব্যবহার এবং প্রয়োজন ছাড়া বাইরে ঘোরাঘুরি না করার জন্য অনুরোধ করেছেন।

ঝিনাইদহে লকডাউনে কর্মহীন মানুষের মাঝে উপহার সামগ্রী বিতরণ

করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধের ঝিনাইদহে লকডাউনে কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার মানবিক সহায়তা খাদ্য সামগ্রী বিতরণ কর্মসূচি শুরু করলেন ঝিনাইদহ জেলা প্রশাসক।

আজ বৃহস্পতিবার সকালে প্রায় এক হাজার কর্মহীন নিম্ন আয়ের মানুষের হাতে ১০ কেজি করে চাল তুলে দিলেন জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। তাছাড়া প্রত্যেককে ২ শ করে টাকা প্রদান করলেন পৌরসভা মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট আব্দুর রশীদ, জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক, সদর উপজেলা নির্বাহী অফিসার এসএম শাহীন, ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, জেলা ভোক্তা অধিকার অধিদপ্তরের উপপরিচালক সুচন্দন মন্ডলসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

দামুড়হুদার চিৎলায় সড়ক দুর্ঘটনায় একজন নিহত

দামুড়হুদা উপজেলার চিৎলা বটতলার মোড়ে মোটরসাইকেল ও বাইসাইকেল সংঘর্ষে নিহত এক জন ও আহত একজন।গতকাল বৃহস্পতিবার (দুপুর ১২:১০ মিনিটের সময় দামুড়হুদা থানাধীন চিৎলা গ্রামে বটতলা মোড়ে মোঃ টোটন মিয়ার ছেলে মোঃ শুভ (১৭) ও মোঃ সুমন (১৫) মোটরসাইকেলযোগে মাঠে জনের খাবার দিয়ে বাড়ি আসার পথিমধ্যে বাইসাইকেলের সাথে ধাক্কা লাগে। ধাক্কা লাগার সাথে সাথে মোটরসাইকেল আরোহী শুভ রাস্তায় পড়ে যায় এবং মাথায় মারাক্তকভাবে আঘাত প্রাপ্ত হয়ে ঘটনাস্থলেই মারা যায়। এবং ছোট ভাই সুমন সুস্থ আছে। সুমন বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স শীৎলা হাসপাতালে ভর্তি আছে। শুভ লাশ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চিৎলা হাসপাতাল আছে।

ঝিনাইদহ বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে বেহাল দশা শরিফের

ঝিনাইদহ সদর উপজেলার ৯ নং পোড়াহাটি ইউনিয়নের উত্তর কাষ্টসাগরা গ্রামের, মোঃ শরিফ হোসেন(২৫) শিকারপুর গ্রামের নতুন মসজিদ এর কাজ দেখতে গিয়ে ছাদে ওঠার পর পাশে থাকা ১১ হাজার ভোল্টেজ এর বিদ্যুৎ এর তারের সংস্পর্শে এসে তার গায়ের বিভিন্ন অংশ্য ঝলসে যায় এবং ছাদ থেকে নিচে পড়ে গিয়ে মাজায় গুরুতর আঘাত হয়েছে ।

প্রথম অবস্থা সদর হাসপাতালে ভর্তি করা হয় কিন্তু তার অবস্থা অবনতি হওয়াই কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তির নির্দেশ দেন বর্তমানে তিনি খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে এর বার্ন ইউনিট চিকিৎসাধিন অবস্থাই আছেন কিন্তু তার পরিবার আর্থিক ভাবে সাবলম্বি না হওয়াই এই অবস্থাই তার পরিবার এর পক্ষে তার চিকিৎসার খরচ চালানোর সম্ভব হচ্ছে না